# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 17-09-2026** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের অর্থনীতির বৃদ্ধির পাশাপাশি, আমাদের দেশের ওপর বিশ্বের আস্থাও বৃদ্ধি পেয়েছে। তিনি আজ নতুন দিল্লিতে সেমিকন ইন্ডিয়া ২০২৬ এর উদ্বোধন করেছেন ।

২/ প্রধানমন্ত্রীর জন্মদিন ও তাঁর প্রশাসনিক কার্যকালের ২৫ বছর পুর্তি উপলক্ষ্যে আজ দেশজুড়ে সেবা সংকল্প অভিযান শুরু হচ্ছে।

৩/ ভারত দেশের ১৪০ কোটি জনসংখ্যার জন্য শক্তি নিরাপত্তা সুনিশ্চিত করতে বদ্ধপরিকর ।

৪/ জন্ম মৃত্যু নথিভুক্তি সংশোধনী আইন আগামী পয়লা অক্টোবর থেকে সারা দেশে কার্যকর হচ্ছে ।

৫/ পুরুষদের টি-টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেট সিরিজের শেষ ম্যাচে ভারত আজ আফগানিস্তানের মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের অর্থনীতির বৃদ্ধির পাশাপাশি, আমাদের দেশের ওপর বিশ্বের আস্থাও বৃদ্ধি পেয়েছে।আজ নতুন দিল্লীর যশোভুমিতে

সেমিকন ইন্ডিয়া ২০২৬ এর উদ্বোধন করে শ্রী মোদী বলেন , ভারতের প্রত্যেক নাগরিক বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে দায়িত্বের সঙ্গে কাজ করছেন ।প্রধানমন্ত্রী বলেন ,ভারতের সেমিকন্ডাক্টার ক্ষেত্র দ্রুত গতিতে বেড়ে চলেছে এবং উদ্ভাবন বিনিয়োগ ও আর্থিক বৃদ্ধির নতুন সুযোগ সৃষ্টি করছে।

(বাইট – নরেন্দ্র মোদী )

তিনদিন ব্যাপী এই সম্মেলনে সেমি কন্ডাক্টার ও ইলেক্ট্রনিক্স ভ্যালু চেইনের সঙ্গে যুক্ত দেশী ও বিদেশি কোম্পানী , নীতি নির্ধারক, বিনিয়োগকারী , গবেষক , স্টার্ট আপ , ইঞ্জিনিয়ারিং শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীরা এক মঞ্চে সমবেত হয়েছেন। এই শিল্পের অগ্রগতি , পারস্পরিক সহযোগিতা ও যৌথ উদ্যোগকে উৎসাহিত করার লক্ষ্যে ছয়টি দেশের প্রতিনিধিদের নিয়ে গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হবে। ৬০০-এরও বেশি কোম্পানি এতে অংশগ্রহণ করছে এবং প্রায় ৫০ হাজার দর্শনার্থীর সমাগম হবে বলে আশা করা হচ্ছে। পাশাপাশি ৫২টি দেশের প্রতিনিধি, ৪০০-এর বেশি নির্বাহী কর্মকর্তা এবং ১৫০-এরও বেশি বক্তা এতে অংশ নিচ্ছেন। প্রদর্শনীতে জাপান, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, নেদারল্যান্ডস, সিঙ্গাপুর ও সুইডেনের প্রতিনিধিত্বকারী ছয়টি দেশের বিশেষ প্রদর্শনী কক্ষ রয়েছে । এছাড়াও ১২টি রাজ্যের বুথ, একটি স্টার্ট-আপ প্যাভিলিয়ন, ইনোভেশন শোকেস, স্টুডেন্ট হ্যাকাথন এবং ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্যাভিলিয়ন ও রয়েছে ।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে দিল্লি সরকার আজ চারটি বড় কর্মসূচির আয়োজন করছে। এই কর্মসূচিগুলো মূলত জনসেবা, নিষ্ঠা এবং জন অংশগ্রহণের ওপর ভিত্তি করে সাজানো হয়েছে।

এছাড়া, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশাসনিক কার্যকালের ২৫ বছর পূর্তি উপলক্ষে দিল্লি সরকার মাসব্যাপী সেবা সংকল্প অভিযান শুরু করতে চলেছে। এই সময়ে পরিবহন, সড়ক, নিকাশি ব্যবস্থা, জল শোধন, শিক্ষা, বিদ্যুৎ, নাগরিক সুযোগ-সুবিধা এবং শহরের সৌন্দর্যবর্ধন সংক্রান্ত বিভিন্ন প্রকল্পের উদ্বোধন বা ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংসদীয় কেন্দ্র বারাণসীতে তাঁর জন্মদিন উপলক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কাশী বিশ্বনাথ ধামে বিশেষ প্রার্থনা ও রুদ্রাভিষেক অনুষ্ঠিত হচ্ছে পাশাপাশি, বারাণসী থেকে ভাদনগর পর্যন্ত সেবা যাত্রায় অংশগ্রহণকারী ৫০০ জন তরুণ বাইকচালকদের সংবর্ধনা জানানো হবে। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং অন্যান্য বিশিষ্ট অতিথিরা উপস্থিত থাকবেন।

------------------------

রাষ্ট্রপতি তৌপদী মুর্মু এবং উপ-রাষ্ট্রপতি সি পি বাধাকৃষ্ণন আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তাঁর জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় রাষ্ট্রপতি মুর্মু গত ২৫ বছর ধরে মুখামন্ত্রী ও প্রধানমন্ত্রী হিসেবে শ্রী মোদীর দৃষ্টান্তমূলক জনসেবা এবং জাতি গঠনে তাঁর অবদানের ভূয়সী প্রশংসা করেন।

'সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় উপরাষ্ট্রপতি বলেন, শ্রী মোদীর দূরদর্শী নেতৃত্বে ভারত বিশ্বমঞ্চে এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে উঠেছে এবং দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতিগুলোর মধ্যে অন্যতম স্থান অধিকার করেছে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবও প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানিয়েছেন।

------------------------

দেশের ১৪০ কোটি জনসংখ্যার জন্য শক্তি নিরাপত্তা সুনিশ্চিত করতে বদ্ধপরিকর। এই লক্ষ্যে বাজারের সুবিধা অনুসারে ভারত বিভিন্ন দেশের কাছ থেকে জ্বালানী ক্রয়ের নীতি অব্যাহত রাখবে । মার্কিন কংগ্রেসে রাশিয়া ও ইরানের কাছ থেকে জ্বালানী সংগ্রহকারী দেশগুলির বিরুদ্ধে নিষেধাজ্ঞা সংক্রান্ত বিল অনুমোদিত হওয়া প্রসঙ্গে বিদেশ মন্ত্রক এই অভিমত প্রকাশ করেছে । এক বিবৃতিতে মন্ত্রক জানিয়েছে , এই বিষয়টির ওপর নজর রাখা হচ্ছে। মন্ত্রক বলেছে, বিগত কয়েক মাসে মার্কিন মধ্যস্ততাকারীদের সঙ্গে এই ইস্যুতে উচ্চ পর্যায়ের আলাপ আলোচনা হয়েছে।

------------------------

জন্ম মৃত্যু নথিভুক্তি সংশোধনী আইন আগামী পয়লা অক্টোবর থেকে সারা দেশে কার্যকর হচ্ছে । ভারতের রেজিস্ট্রার জেনারেল মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ বলেছেন , সংশোধিত এই আইনে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য নথিভুক্তির নিয়মবিধি গুলি আরও কঠোর করা হয়েছে ।

উল্লেখ্য, The registration of birth and death amendment bill 2026 সংসদের উভয় কক্ষে অনুমোদনের গত মাসে রাষ্ট্রপতির সম্মতিতে আইনে পরিনত হয়েছে। জন্ম মৃত্যু সংক্রান্ত তথ্য নথিভুক্তিতে বিলম্ব প্রতিরোধেই আইনটি সংশোধন করা হয়েছে। নতুন আইনে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য এক থেকে দুই বছরের মধ্যে নথিভুক্ত করা বাধ্যতামুলক করা হয়েছে। এর পরেও জন্ম মৃত্যুর তথ্য নথিভুক্ত করার জন্য প্রথম শ্রেনীর বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের নির্দেশের প্রয়োজন হবে।

------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক ১৯৪৫ সালের ওষুধ সংক্রান্ত নিয়ম বিধি সংশোধনের প্রস্তাব করেছে । প্রধানত এইচ এইচ ওয়ান এবং এক্স শিডিউলে অন্তর্ভুক্ত

ওষুধ পত্র বিক্রয়ের ওপর নিয়ন্ত্রণ বিধি জোরদার করার লক্ষ্যে এই প্রস্তাব করা হয়েছে ।সংশ্লিষ্ট শিডিউলের অধীনে ওষুধ কিনতে হলে বিধিসম্মত প্রেসক্রিপশান লাগে । সংশোধনী তে প্রেসক্রিপশান ছাড়ায় এই ধরণের অধুধ পত্র বিক্রয় বন্ধে, ওষুধের দোকান গুলিতে বাধ্যতা মূলক সি সি টি ভি নজরদারির কথা বলা হয়েছে । মন্ত্রক বলেছে, এই প্রস্তাব রুপায়িত হলে শিডিউল এইচ এইচ ওয়ান ও এক্স ভুক্ত ওষুধে অনিয়ন্ত্রিত বিক্রয় বন্ধ করা সম্ভব হবে ।এছাড়াও জন স্বাস্থ্যে নিরাপত্তা বিধি জোরদার করা সম্ভব হবে । মন্ত্রকের পক্ষ থেকে ,প্রস্তাবিত এই সংশোধনী বিষয়ে সংশ্লিষ্ট সকলের কাছে এবং জন সাধারণ এর কাছে আগামী তিরিশ দিনের মধ্যে মতামত ও বক্তব্য জানতে চাওয়া হয়েছে।

-----------------------

পশ্চিমবঙ্গের দুই বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ১৯শে সেপ্টেম্বর। মনোনয়নের শেষ দিনে গতকাল পর্যন্ত মোট ২৭টি মনোনয়ন জমা পড়েছে। এর মধ্যে মুর্শিদাবাদের রেজিনগরে ১৫ এবং পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে ১২ জন প্রার্থীপদ দাখিল করেছেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্য রাজ্য ও কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের জন্য গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে Joint Force Deployment Committee বৈঠকে বসে।

-----------------------

ভারত পাকিস্তান-চীন যৌথ সীমান্ত কমিশন-কে প্রত্যাখ্যান করেছে। ভারত জানিয়েছেন জোর করে দখল করে রাখা ভারতীয় ভূখণ্ড নিয়ে কোনো ধরনের সমঝোতা বা কোনো আইনি অধিকার পাকিস্তানের নেই। গতকাল সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল এ কথা জানিয়ে বলেন যে এ ব্যাপারে ভারতের অবস্থান অত্যন্ত স্পষ্ট। তিনি বলেন যে, নতুন দিল্লি পাকিস্তান-চীন যৌথ সীমান্ত কমিশন-কে প্রত্যাখ্যান করছে, কারণ এর কোনো আইনি ভিত্তি নেই।

------------------------

সন্ত্রাসবাদীদের জন্য অনুকূল পরিবেশের ব্যবস্থা করায় ভারত রাষ্ট্রসঙ্ঘে পাকিস্তানের কঠোর সমালোচনা করেছে । আফগানিস্তানের পরিস্থিতি বিষয়ে রাষ্ট্র সংঘের নিরাপত্তা পরিষদের এক বৈঠকে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ মার্কিন যুক্তরাষ্ট্রে ২০০১ সালের এগারোই সেপ্টেম্বর সন্ত্রাসবাদী হামলার জন্য দায়ী আল কায়দা সন্ত্রাসবাদীদের জন্য পাকিস্তানে নিরাপদ ব্যবস্থা করা হয়েছিল বলে অভিযোগ করেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে ওই হামলায় বলি সব মানুষের কথা স্মরন করতে আন্তর্জাতিক গোষ্ঠীর কাছে আহবান জানান।

------------------------

এনফোরস মেন্ট নিরদেশনালয় হরিয়ানার প্রাক্তন মন্ত্রী হরিশ কান্ডা অফিস , বাস ভবন এবং ফারম হাউসে তল্লাশি অভিযান চালাচ্ছে।তার বিরুদ্ধে জমি সংক্রান্ত এক বড় ধরণের কেলেঙ্কারিতে ইডি তদন্ত চালাচ্ছে।ইডি জানিয়েছে বিনিয়োগকারীদের নির্দিষ্ট সময়ের মধ্যে জমির বাণিজ্যিক হস্তান্তর সহ বিভিন্ন ধরণের প্রতিশ্রুতি দিয়ে ২৪৮ কোটি টাকারও বেশি অর্থ সংগ্রহ করা কিন্তু মোত ৬৬১ জন বিনিয়োগ কারীকে কোন জমি

হস্তান্তর করা হয়নি ।অর্থ পাচার প্রতিরোধ আইনের একটি ধারা বলে এই তল্লাশি চালানো হচ্ছে।

-------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্বকর্মা জয়ন্তী উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। নির্মাণ এবং অন্যান্য শিল্পের সঙ্গে যুক্ত কারিগর ও শ্রমিকদের এই উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, উন্নত এবং স্বনির্ভর ভারতের স্বপ্ন রূপায়ণে তাঁদের দক্ষতা ও পরিশ্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও বিশ্বকর্মা জয়ন্তী উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন।

-------------------------

দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে আজ ভারত ও আফগানিস্তানের মধ্যে তিন ম্যাচের টি-টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেট সিরিজের শেষ ম্যাচ অনুষ্ঠিত হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

প্রথম দুই ম্যাচে জয়ী হয়ে ভারত ইতিমধ্যেই সিরিজ জয় নিশ্চিত করেছে। অন্যদিকে, আফগানিস্তান কেবল মাঝেমধ্যে কিছুটা প্রতিরোধ গড়ে তুলতে পেরেছে।

------------------------- -------------------------